



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০



ফোনঃ ০৮৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাইলঃ ০১৭১-০০১৯০৮ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৪ ডিসেম্বর ২০২১খ্রি:

যথাযোগ্য মর্যাদায় বরিশাল বিশ্ববিদ্যালয়ে পালিত হয়েছে শহীদ বুদ্ধিজীবী দিবস ২০২১। জাতির এ সূর্যসন্তানদের আত্ম্যাগকে স্মরণীয় করে রাখতে সকাল ৯.০০ টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন এর নেতৃত্বে অনুষ্ঠিত হয় শোক র্যালি। র্যালি শেষে সকাল ৯.৩০ টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনারে পুস্তকবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধাঙ্গলি নিরবেদন করেন উপাচার্য মহোদয়। এ সময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, প্রিক্টর, প্রভোস্ট, বিভাগীয় প্রধান, শিক্ষকমণ্ডলী, পরিচালক, দণ্ডর প্রধান, কর্মকর্তা, কর্মচারীসহ বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। উপাচার্য মহোদয়ের শ্রদ্ধা নিরবেদনের পর বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, হোড ১১-১৬ ও হোড ১৭-২০ কল্যান পরিষদ, বঙ্গবন্ধু হল, শেরে বাংলা হল, শেখ হাসিনা হল, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল, বিভিন্ন বিভাগ, বিবিতে কর্মরত বীর মুক্তিযোদ্ধাদের স্মারক সংগঠন উত্তরাধিকারসহ বিশ্ববিদ্যালয়ের অন্যান্য সামাজিক, সাংস্কৃতিক ও বেচাচাসেবী সংগঠন পুস্তকবক অর্পণে অংশ নেয়। দিবসটির তাৎপর্য তুলে ধরে বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির আয়োজনে বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কল্পনারেশ হলে সকাল ১০:৩০ টায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য মহোদয় বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর আহবানে সাড়া দিয়ে বাংলার জাতি মুক্তিযুদ্ধে বাঁপিয়ে পরে যখন বিজয়ের দ্বারপ্রান্তে পৌছে গিয়েছিল ঠিক তখনই অত্যন্ত সুপরিকল্পিত ভাবে জাতিকে মেধাশূন্য করার লক্ষ্যে পাকবাহানাদার বাহিনী ও তাদের এ দেশীয় দোসররা তালিকা করে জাতির শ্রেষ্ঠ সন্তানদের বির্মণ ভাবে হত্যা করে। তারা ভেবেছিলো এর মাধ্যমে বাংলালীকে নেতৃত্বশূন্য করা যাবে। কিন্তু তাদের সে স্বপ্ন বাস্তবায়িত হয়নি। একই ভাবে আবার ৭৫ এ জাতির পিতাকে হত্যার মাধ্যমে বাংলালীর ইতিহাসকে মুছে দেয়ার অপচেষ্টা করা হয়। কিন্তু দীর্ঘ সময় পরে হলেও বঙ্গবন্ধু কল্যান মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাত ধরে বাংলালী জাতি আজ যুরে দাঢ়িয়েছে। তরুণ প্রজন্ম আজ মহান মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস চর্চা এবং মুক্তিযুদ্ধের চেতনাকে তাদের হৃদয়ে ধারণ করেছে। এসময় উপাচার্য মহোদয় বুদ্ধিজীবীদের এ ত্যাগ থেকে শিক্ষা নিয়ে বঙ্গবন্ধুর স্মৃতির সোনার বাংলা বির্ণমানে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে প্রত্যেককে প্রত্যেকের অবস্থান থেকে কাজ করে ক্ষুধা, দারিদ্র্যমুক্ত ও অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়তে সকলের প্রতি আহবান জানান। আলোচনা সভায় বিশেষ অতিথি ছিলেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ও রেজিস্ট্রার (অ.দা.) অধ্যাপক ড. মুহসিন উদ্দীন। শিক্ষক সমিতির সভাপতি ড. খোরেশদ আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন বঙ্গবন্ধু হলের প্রভোস্ট আরিফ হোসেন, শেরে বাংলা হলের প্রভোস্ট আবু জাফর মিয়া, রসায়ন বিভাগের চেয়ারম্যান ড. হালিমা বেগম, ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক তানভার কায়সার এবং অফিসার্স এসোসিয়েশনের সভাপতি বাহাউদ্দিন গোলাপ। আলোচনা সভায় শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। সভাটি সঞ্চালনা করেন বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক জ্যোতির্ময় বিশ্বাস। এছাড়াও দিবসটি উপলক্ষে দুপুরে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে দোয়া এবং মন্দিরে বিশেষ প্রার্থনার আয়োজন করা হয়।

କର୍ତ୍ତପକ୍ଷର ନିର୍ଦେଶକ୍ରମେ

ବାନ୍ଧବ

উপ-পরিচালক (চ. দা.)
জনসংযোগ অফিস